রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ১৭ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৯, ২০২১

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৩৭—২৪০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩২৭—৩৪১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৩৩—৪২৮ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**[একই তারিখ ও নম্বরে প্রতিস্থাপিত]**

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ মাঘ, ১৪২৭/০৮ ফেব্রুয়ারি, ২০২১

নং **০৫.০০.০০০০.১৮০.২৭.০০৩.২১-৩৬**—যেহেতু, জনাব মোঃ মেহেদী হাসান (পরিচিতি নম্বর-১৫০৫২), প্রাক্তন কাউন্সেলর (উপসচিব), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব) জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) মোতাবেক কর্তৃপক্ষ তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) মোতাবেক জনাব মোঃ মেহেদী হাসান (পরিচিতি নম্বর-১৫০৫২), প্রাক্তন কাউন্সেলর (উপসচিব), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব) জনপ্রশাসন মন্ত্রণালয়-কে ০৮-০২-২০২১ খ্রি. তারিখ থেকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ ফাল্গুন, ১৪২৭/১৮ ফেব্রুয়ারি, ২০২১

নং **০৫.১৮০.২৭.০২.০০.০১৫.২০১৯-৩৮**—যেহেতু, জনাব আহমেদ কবীর (পরিচিতি নম্বর-৬৫০২), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব, সাময়িক বরখাস্তকৃত), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ২৭-০৫-২০১৭ হতে ২৪-০৮-২০১৯ পর্যন্ত জেলা প্রশাসক, জামালপুর হিসেবে কর্মকালে উক্ত কার্যালয়ের অফিস সহায়ক সানজিদা ইয়াসমিন সাধনা নামে একজন নারীর সাথে তার আপত্তিকর ভিডিও ফুটেজ সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত হলে মন্ত্রিপরিষদ বিভাগ হতে গঠিত তদন্ত কমিটি উক্ত ভিডিও'র মৌলিকতার বিষয়ে সাইবার ফরেনসিক, সিআইডি, মালিবাগ, ঢাকার মতামতের ভিত্তিতে উক্ত আপত্তিকর ভিডিও ফুটেজ সঠিক মর্মে প্রতিবেদন দাখিল করায় এবং অফিস চলাকালীন/অফিসের অভ্যন্তরে এরূপ অনৈতিক কর্মকাণ্ড সরকারি চাকুরি শৃঙ্খলার পরিপন্থী হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুর সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব আহমেদ কবীর-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০-১০-২০১৯ তারিখের ০৫.১৮০.২৭.০২.০০.০১৫.২০১৯-৫৭৫ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণের মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলে তিনি ১৪-১১-২০১৯ তারিখে লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় গত ১৮-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত তার মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১-০১-২০২০ তারিখের ০৫.১৮০.০২৭.০২.০০.০১৫.২০১৯-১০ নম্বর স্মারকে জনাব মোঃ মাসুদুল হাসান (পরিচিতি নং-৫৬৭২), যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ০৯-০২-২০২০ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে পর্যালোচনায় তদন্ত কার্যক্রমে পদ্ধতিগত ত্রুটি পরিলক্ষিত হওয়ায় পুনঃতদন্তের জন্য একই তদন্তকারী কর্মকর্তাকে পত্র দেওয়া হলে তদন্তকারী কর্মকর্তা জনাব মোঃ মাসুদুল হাসান ০৮-১০-২০২০ তারিখের ০৫.০০.০০০০.০৪২.৯৯.০০১.২০-২০ নম্বর স্মারকে প্রেরিত পুনঃতদন্ত প্রতিবেদনে অভিযুক্তের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(৯) মোতাবেক অভিযুক্তকে চাকুরী হতে বরখাস্ত বা বিধিমালায় বর্ণিত অন্য কোনো গুরুদণ্ড আরোপের জন্য প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১২-১১-২০২০ তারিখের ০৫.১৮০.০২৭.০২.০০.০১৫.২০১৯-১৯৩ নম্বর স্মারকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়; এবং

যেহেতু, জনাব আহমেদ কবীর ২২-১১-২০২০ তারিখে লিখিতভাবে দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করলে দাখিলকৃত জবাব ও তদন্ত প্রতিবেদনসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) অনুযায়ী '০৩ (তিন) বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন জনাব আহমেদ কবীর-কে প্রস্তাবিত গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে ঐকমত্য পোষণ করে; এবং

যেহেতু, জনাব আহমেদ কবীর-এর বিরুদ্ধে রুজুকৃত এ বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন প্রস্তাবিত দণ্ডের সাথে ঐকমত্য পোষণ করায় একই বিধিমালার বিধি ৪(৩)(ক) অনুযায়ী '০৩ (তিন) বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব আহমেদ কবীর (পরিচিতি নম্বর-৬৫০২), প্রাক্তন জেলা প্রশাসক, জামালপুর বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব, সাময়িক বরখাস্তকৃত), জনপ্রশাসন মন্ত্রণালয়কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(ক) মোতাবেক গুরুদণ্ড হিসেবে '০৩ (তিন) বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ' করা হলো অর্থাৎ জাতীয় বেতন স্কেল, ২০১৫-এর ৫ম গ্রেড হতে ৬ষ্ঠ গ্রেডে অবনমিত করা হলো। দণ্ডের মেয়াদকালে তিনি ৬ষ্ঠ গ্রেডের ৩৫৫০০/- টাকার ধাপে বেতন প্রাপ্য হবেন। তিনি ভবিষ্যতে উক্ত মেয়াদের কোনো বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না একই সাথে তাঁর সাময়িকভাবে বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িকভাবে বরখাস্তকাল অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

---

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অর্থ মন্ত্রণালয়**

**অধিশাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ মাঘ, ১৪২৭/২৬ জানুয়ারি, ২০২১

নং **০৮.০০.০০০০.০৩৭.২৭.০২৬.১৯-০৮**—যেহেতু, মোঃ মেজবাহ্উদ্দিন আহমেদ, সহকারী কর কমিশনার (সাময়িক বরখাস্ত), কর অঞ্চল-খুলনা উক্ত কর অঞ্চলের আওতাধীন বিভিন্ন কর সার্কেলে কর্মরত থাকাকালীন করদাতাগণ কর্তৃক প্রদত্ত পে-অর্ডার, ডিডি, ক্রসচেক ইত্যাদি সরকারি কোষাগারে জমা প্রদান না করে বিভিন্ন ব্যাংক হিসাবে অবৈধভাবে জমা প্রদান করেছেন এবং নিজ স্বাক্ষরিত চেকের মাধ্যমে ৩,৫০,২৬,৯২৯/- (তিন কোটি পঞ্চাশ লক্ষ ছাব্বিশ হাজার নয় শত উনত্রিশ) টাকা উত্তোলনপূর্বক আত্মসাৎ করেন।

যেহেতু, সরকারি অর্থ আত্মসাতের অভিযোগে মোঃ মেজবাহ্উদ্দিন আহমেদ, এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণতা'র দায়ে অভিযোগ আনয়নপূর্বক ০১/২০১৯ নং বিভাগীয় মামলা রুজুকরতঃ কেন তাকে চাকুরী হতে বরখাস্ত করা হবে না সে মর্মে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশের জবাবে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিপক্ষে তিনি কোনো গ্রহণযোগ্য যুক্তি প্রদান করতে পারেননি। তিনি এ বিষয়ে কোনো ব্যক্তিগত শুনানি চাননি।

যেহেতু, মোঃ মেজবাহ্উদ্দিন আহমেদ, এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'দুর্নীতি পরায়ণতা'র অভিযোগ তদন্তরে জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে মোঃ মেজবাহ্উদ্দিন এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়।

যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনাক্রমে মোঃ মেজবাহ্উদ্দিন আহমেদ-কে দোষী সাব্যস্ত করে কেন তাকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রতি-উত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে তিনি সন্তোষজনক জবাব প্রদান করতে পারেননি।

যেহেতু, মোঃ মেজবাহ্উদ্দিন আহমেদ এর বিরুদ্ধে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিষয়ে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন (বিপিএসসি) এর পরামর্শ চাওয়া হলে বিপিএসসি তাকে 'চাকুরী হতে বরখাস্তকরণ' দণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে।

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব ২৩-০১-২০২১ খ্রিঃ তারিখে মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন।

সেহেতু, মোঃ মেজবাহ্উদ্দিন আহমেদ, সহকারী কর কমিশনার (সাময়িক বরখাস্ত), কর অঞ্চল-খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(১)(ঘ) মোতাবেক সরকারি চাকুরী থেকে ২৬-০১-২০২১ খ্রিঃ তারিখ হতে বরখাস্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

---

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**প্রকল্প ব্যবস্থাপনা অধিশাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

নং **৫৩.০০.০০০০.৪৩১.১৪.০২৮.২০২১-৯৫**—পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর সংঘ বিধির ৬(ই) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে নিম্নবর্ণিত ০৩ (তিন) জনকে উক্ত প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদে নিয়োগের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য সরকার মনোনীত সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হ'ল :

| ক্রমিক | সদস্যগণের নাম ও বর্তমান ঠিকানা | সাধারণ পর্ষদের পদবি | মেয়াদ |
|---|---|---|---|
| ০১. | জনাব আকতারী মমতাজ সাবেক সচিব, সরকারি কর্ম কমিশন এবং সাবেক সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। | সদস্য | ১৫-০২-২০২১ হতে পরবর্তী ০৩ বৎসর |
| ০২. | জনাব এ. এন. শামসুদ্দিন আজাদ চৌধুরী সাবেক সদস্য, পরিকল্পনা কমিশন। | সদস্য | ১৫-০২-২০২১ হতে পরবর্তী ০৩ বৎসর |
| ০৩. | জনাব মোঃ রুহুল আমিন সাবেক অতিরিক্ত সচিব (গ্রেড-০১) এবং সাবেক চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)। | সদস্য | ১৫-০২-২০২১ হতে পরবর্তী ০৩ বৎসর |

০২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুর্শেদা জামান**
উপ-সচিব।

---

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০৫ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ/১৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-১১২**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১১(১)(চ) অনুযায়ী 'উপজেলা পরিষদ চেয়ারম্যান ক্যাটাগরিতে' জনাব এডভোকেট আলহাজ্ব মোঃ ইউনুছ ভূইয়া, চেয়ারম্যান, লাকসাম উপজেলা পরিষদ, কুমিল্লা-কে পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১০ ফাল্গুন ১৪২৭/২৩ ফেব্রুয়ারি ২০২১

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০৩০.২০-১১৭**—The Bangladesh House Building Finance Corporation Order, 1973 (P.O No. 7 of 1973) এর Article 10A(1) এবং 10(2) অনুযায়ী বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন এর পরিচালনা পর্ষদের পরিচালক ও চেয়ারম্যান ড. মোহাম্মদ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ, এমবিএ, অধ্যাপক, হিসাব বিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়-কে তাঁর বর্তমান নিয়োগের মেয়াদ সমাপনান্তে আরও ০২ (দুই) বছরের জন্য পুনঃনিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৭/২৪ ফেব্রুয়ারি ২০২১

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০১০.১৭-১২৩**—আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক আইন, ১৯৯৫ এর ৯(১)(খ) ও ৯(৪) ধারা অনুযায়ী আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মইনুল ইসলাম এর স্থলে জনাব মোঃ ফাইজুল কবির, যুগ্মসচিব (পিআরএল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-কে ০৩ (তিন) বছর মেয়াদের জন্য উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১২ ফাল্গুন ১৪২৭/২৫ ফেব্রুয়ারি ২০২১

নং **৫৩.০০.০০০০.৩১১.১১.০২৭.১৭-১২৫**—বীমা কর্পোরেশন আইন ২০১৯ এর ৯(১)(গ) ধারা অনুযায়ী অর্থ বিভাগ কর্তৃক মনোনীত প্রতিনিধি ক্যাটাগরিতে জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস এর স্থলে জনাব মোঃ আজিজুল আলম, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ-কে জীবন বীমা কর্পোরেশ এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে ০২ (দুই) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ : ২২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-৩৮/৮৩(অংশ)-৩৮**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব কাজী মোঃ হাবীব উল্যাহ, পিতা-কাজী সিরাজুল হক, মাতা-কাজী জেবুন নেহার, গ্রাম-রঘুনাথপুর, ডাকঘর-কে, ডি হাট, উপজেলা-দাগনভূঞা, জেলা-ফেনী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফেনী জেলার দাগনভূঞা উপজেলার **১**নং সিন্দুরপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-৯১/৮৫-৪২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (সাকিব আহমেদ, পিতা-ফজলুল হক, মাতা-সাহেরা খাতুন, গ্রাম-সুখদেবপুর, ডাকঘর-কলুংকা, উপজেলা-মোহনগঞ্জ, জেলা-নেত্রকোনা।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলার ০২নং বড়তলী বানিয়াহারী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/ স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০১ মার্চ ২০২১ খ্রিঃ

নং **বিচার-৭/২-এন-১৯৭/৮০-৪৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোহাম্মদ আলী, পিতা-ফজলুল কারীম, মাতা-মাছুদা তামান্না, গ্রাম-সমসেরাবাদ, ডাকঘর-লক্ষ্মীপুর-৩৭০০, উপজেলা-লক্ষ্মীপুর, জেলা- লক্ষ্মীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে লক্ষ্মীপুর জেলার লক্ষ্মীপুর পৌরসভার ১১ ও ১২নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২-এন-৯২/৮৬-৪৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ সাইফুল ইসলাম, পিতা-মোঃ তালেব হোসেন, মাতা-মোছাঃ ছালেহা বেগম, গ্রাম-কাহাল গাঁও, ডাকঘর-কাহাল গাঁও, উপজেলা-ফুলবাড়ীয়া, জেলা-ময়মনসিংহ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া, উপজেলার ৯নং এনায়েতপুর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শফিকুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**চিকিৎসা শিক্ষা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ বৈশাখ ১৪২৭/২৬ এপ্রিল ২০২১

নং **৫৯.০০.০০০০.১৪০.১৮.০০৪.২১.২৫০**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে 'চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬' এর ধারা ১২(১) অনুসারে অধ্যাপক ডাঃ মোঃ ইসমাইল খান, বর্তমান ভাইস-চ্যান্সেলর, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম- কে নিম্নে বর্ণিত শর্তে দ্বিতীয় মেয়াদে চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর পদে নিয়োগ করা হলো :

(ক) ভাইস-চ্যান্সেলর হিসেবে তাঁর নিযুক্তির মেয়াদ হবে ০৪ (চার) বছর;

(খ) ভাইস-চ্যান্সেলর পদে তিনি বর্তমানে প্রাপ্ত বেতন-ভাতাদি প্রাপ্য হবেন;

(গ) তিনি বিধি অনুযায়ী ভাইস-চ্যান্সেলর পদে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন;

(ঘ) ভাইস-চ্যান্সেলর 'চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় আইন, ২০১৬' এর ১৩ ধারা অনুযায়ী তাঁর দায়িত্বাবলি পালন করবেন; এবং

(ঙ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ১৪-০৫-২০২১ তারিখ হতে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর
এঁর আদেশক্রমে

**মোহাম্মদ আবদুল কাদের**
উপসচিব।